গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী**
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৪.১০.০০৭.১৭.১২৫

তারিখঃ ১৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ / ২৯ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয় : বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সাথে জনতা ব্যাংক পিএলসি এর স্বাক্ষরিত "সমঝোতা স্মারক (MOU)" নবায়নের শর্ত অনুযায়ী পিসি/এপিসি/আনসার অঙ্গীভূতকরণ প্রসঙ্গে।**

সূত্র : সমঝোতা চুক্তি (MOU) স্বাক্ষর (নবায়ন) এর তারিখ ঃ ২২/০১/২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সাথে জনতা ব্যাংক পিএলসি এর বিভিন্ন শাখা/কার্যালয়/এটিএম বুথ/গাড়ি পার্কিং এলাকাসমূহের নিরাপত্তা বিধানের নিমিত্তে অঙ্গীভূত আনসার মোতায়েনের লক্ষ্যে ২২/০১/২০২৪খ্রি: তারিখে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরিত (নবায়ন) হয় (কপি সংযুক্ত)। উক্ত ব্যাংকের আপনার অধীন শাখাসমূহে নবায়িত সমঝোতা স্মারক (MOU) এর শর্তানুযায়ী আনসার অঙ্গীভূত/মোতায়েন পূর্বক অত্র দপ্তর কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

২। উল্লেখ্য, নতুন গার্ড স্থাপন, গার্ডের জনবল হ্রাস-বৃদ্ধি এবং সশস্ত্র গার্ডকে নিরস্ত্র ও নিরস্ত্র গার্ডকে সশস্ত্র গার্ডে রূপান্তরিত করার ক্ষেত্রে সদর দপ্তরের অনুমোদন গ্রহণ করতে হবে।

৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ নবায়িত সমঝোতা স্মারক (MOU) ০৭ (সাত) পাতা।

২২/০১/২৪


মোঃ আহসান উল্লাহ
বিএভি নং-১২০০৯৩
পরিচালক (অঙ্গীভূতকরণ)
মোবাঃ ০১৭৩০০৩৮০২৩
ই-মেইলঃ opskpi@gmail.com


১। জেলা কমান্ড্যান্ট (সকল)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ........................................।

২। জোন অধিনায়ক (সকল)
ঢাকা/চট্টগ্রাম মহানগর আনসার, ........পূর্ব জোন ঢাকা........।

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৪.১০.০০৭.১৭.১২৫

তারিখঃ ১৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ / ২৯ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত মহাপরিচালক<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২. | উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশন্স/প্রশিক্ষণ)<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | ,, |
| ৩. | উপমহাপরিচালক/পরিচালক (সকল রেঞ্জ)<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ........................................। | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৪. | পরিচালক<br>ঢাকা মহানগর আনসার, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা। | ,, |
| ৫. | মহাব্যবস্থাপক-ইনচার্জ<br>হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক পিএলসি<br>প্রধান কার্যালয়, জনতা ভবন, ১১০ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। | সমঝোতা স্মারকের শর্তসমূহ প্রতিপালনের নিমিত্তে শাখা ব্যবস্থাপকগণকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো। |
| ৬. | উপপরিচালক (সমন্বয়) [পিএস টু ডিজি]<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য। |
| ৭. | আইসিটি শাখা<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | আনসার ভিডিপি ওয়েবসাইডে চিঠিটি প্রকাশের জন্য। |
| ৮. | অফিস/মাস্টার কপি। | সংরক্ষণের জন্য। |

পরিচালক (অঙ্গীভূতকরণ)

অপারেশন্স (কেপিআই) শাখা
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর খিলগাঁও, ঢাকা।

F:\UD Shamima\MOU\Janota Bank\Letter.docx Hamida

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খম ৪৯৫৭৬৮২

## সমঝোতা স্মারক

পক্ষদ্বয়

**বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী**

**এবং**

**জনতা ব্যাংক পিএলসি.**

### ❖ ভূমিকাঃ

আনসার সদস্যদের দ্বারা জনতা ব্যাংক পিএলসি. এর নিরাপত্তা ব্যবস্থা সুষ্ঠুভাবে পরিচালনা ও সুদৃঢ় করার জন্য বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সঙ্গে জনতা ব্যাংক পিএলসি. এর একটি সমঝোতায় উপনীত হওয়া এই সমঝোতা স্মারক (MOU) এর লক্ষ্য। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সংক্ষেপে "আনসার" এবং জনতা ব্যাংক পিএলসি. সংক্ষেপে 'জনতা ব্যাংক' বলে উল্লেখ করা হলো।

### ❖ পটভূমিঃ

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী দেশের বৃহত্তম শৃঙ্খলা বাহিনী, এই বাহিনী প্রায় ৫৪১৮ (পাঁচ হাজার চারশত আঠারো) টি সরকারী, স্বায়ত্তশাসিত, আধা স্বায়ত্তশাসিত এবং ব্যক্তিমালিকানাধীন গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান/স্থাপনায় গ্রাহকদের চাহিদা মোতাবেক সন্তোষজনকভাবে নিরাপত্তা সেবা দিয়ে আসছে।

অন্যদিকে জনতা ব্যাংক পিএলসি. বাংলাদেশের শতভাগ রাষ্ট্রীয় মালিকানাধীন আর্থিক প্রতিষ্ঠান। জনতা ব্যাংক দীর্ঘ দিন যাবত পূর্ণ আস্থার সাথে গ্রাহকদের আমানত সংরক্ষণ, ঋণ সুবিধা প্রদান ও যাবতীয় ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে আসছে। জনতা ব্যাংক পিএলসি. বিভিন্ন বাণিজ্যিক ও শিল্প প্রতিষ্ঠানকে অর্থায়ন করছে এবং আমদানী-রপ্তানী ব্যবসায় গুরুত্বপূর্ণ অবদান রেখে মূল্যবান বৈদেশিক মুদ্রা অর্জনসহ সার্বিকভাবে দেশের অর্থনৈতিক উন্নয়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

উন্নয়ন এবং নিরাপত্তা ইতিবাচকভাবেই পরস্পর সম্পর্কযুক্ত। উন্নয়নকে গতিশীল করতে জনতা ব্যাংক সহায়ক ভূমিকা পালন করে। ব্যাংক নগদ অর্থ লেনদেন, স্থানান্তর ও বিতরণ করে, যার সুষ্ঠু পরিচালনার জন্য প্রয়োজন নিরাপত্তা। নিরাপদ লেনদেন এবং সম্পদের সুরক্ষা নিশ্চিতকল্পে প্রয়োজন পড়ে নিরাপত্তা কর্মীর, যার মধ্যে আনসার অন্যতম। আনসার অত্যন্ত অভিজ্ঞ এবং প্রশিক্ষিত বাহিনী যারা সরকার কর্তৃক প্রাধিকৃত অস্ত্র বহন এবং যথাযথ ব্যবহারের অনুমতি প্রাপ্ত। এজন্য জনতা ব্যাংক পিএলসি. নিরাপত্তা সেবার জন্য আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর নিকট প্রস্তাব করেছে। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী এই প্রস্তাবকে সম্মানের সাথে গ্রহণ করে দুই পক্ষ কর্তৃক বিগত ১৯/১২/২০২১ খ্রিঃ তারিখে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয় যার মেয়াদ ২২/১১/২০২৩ খ্রিঃ তারিখে উত্তীর্ণ হয়। ফলে উভয় পক্ষ চুক্তিটি আগামী ০৩ বছরের জন্য নবায়ন করতে সম্মত হয়।

চলমান পাতা-০২

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খম ৪৯৫৭৬৮৩



❖ **উদ্দেশ্য ঃ**

এ সমঝোতা স্মারক বা MEMORANDUM OF UNDERSTANDING (MOU) অনুযায়ী আনসার সদস্যদেরকে জনতা ব্যাংক পিএলসি. এর চাহিদা অনুযায়ী এর বিভিন্ন শাখা/কার্যালয়/এটিএম বুথ/গাড়ি পার্কিং এলাকা সমূহের নিরাপত্তার দায়িত্বে মোতায়েন করা হবে। একই সাথে জনতা ব্যাংক পিএলসি. আনসারদের দায়িত্ব পালনের বিপরীতে সরকারী আদেশ মোতাবেক আনসার-ভিডিপি কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত হারে বেতন ও ভাতা পরিশোধ করতে বাধ্য থাকবে।

❖ নিম্নলিখিত শর্তাবলী অনুসরণ করে উভয় পক্ষ কর্তৃক দায়ভার গ্রহণের মাধ্যমে উপর্যুক্ত উদ্দেশ্য সম্পন্ন করা হবেঃ-

১. **দায়িত্ব পালনের ক্ষেত্র :**

ক) আনসার ভিডিপি কর্তৃপক্ষ জনতা ব্যাংক এর প্রয়োজন অনুসারে শাখা/কার্যালয়/এটিএম বুথ/গাড়ি পার্কিং এলাকা সমূহের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য আনসার সদস্য মোতায়েন/অঙ্গীভূত করবেন।

২. **জনবল (শাখা বা কার্যালয়ের প্রয়োজন মোতাবেক) :**

ক) সশস্ত্র আনসারের ক্ষেত্রে ন্যূনতম ০৪ (চার) জন আনসার অনধিক ০২ (দুই) টি অস্ত্রসহ মোতায়েন করতে হবে। যার মধ্যে ০১ (এক) জন এপিসি পদ মর্যাদার হতে হবে।

খ) নিরস্ত্র আনসারের ক্ষেত্রে ন্যূনতম ০২ (দুই) জনকে একটি শাখা/এটিএম বুথ/কার্যালয়ে নিয়োজিত করা যাবে। নিরাপত্তা দায়িত্ব পালনে তারা ব্যাংকের অস্ত্র ব্যবহার করবেন না।

গ) ব্যাংকের শাখা/কার্যালয়ে একাধিক অস্ত্রসহ নিয়োজিত আনসারের ক্ষেত্রে একটির অতিরিক্ত অস্ত্র ও তার সম্পৃক্ত গুলী সমূহ রাখার সুব্যবস্থা করতে হবে অথবা একটি রেজিষ্টারে লিপিবদ্ধ করার মাধ্যমে ব্যাংকের ভল্টে অস্ত্র ও গুলী রাখার ব্যবস্থা করতে হবে।

ঘ) জনতা ব্যাংক পিএলসি. এর শাখা/প্রধান কার্যালয়ের চাহিদা বিবেচনায় নিয়ে নিরাপত্তা বিশ্লেষণ ও জরিপের মাধ্যমে আনসার কর্তৃপক্ষ ও জনতা ব্যাংক সমন্বিত ভাবে ন্যূনতম সংখ্যার অতিরিক্ত জনবলের সংখ্যা নির্ধারন করবেন।

ঙ) ব্যাংকের শাখা, কার্যালয়, এটিএম বুথ, গাড়ি পার্কিং, ব্যতিত অন্যান্য স্থানে যেমন- ব্যাংকের নিকট বন্ধককৃত সম্পত্তির বা স্থাপনার নিরাপত্তা বিধানের নিমিত্তে ব্যাংক কর্তৃপক্ষের বৈধ মালিকানা নিশ্চিত হওয়া সাপেক্ষে অঙ্গীভূত আনসার গার্ড অনুমোদন, প্রশাসন ও ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালা অনুসরণ পূর্বক প্রয়োজনীয় সংখ্যক আনসার মোতায়েন করতে হবে (সশস্ত্র গার্ডের ক্ষেত্রে ন্যূনতম ১০ জন এবং নিরস্ত্র গার্ডের ক্ষেত্রে ন্যূনতম ০৬ জন)।

৩. **আর্থিক বিষয়াদি :**

ক) সময়ে সময়ে সরকারী আদেশ মোতাবেক আনসার কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত সর্বশেষ আদেশ/নির্দেশনা অনুযায়ী জনতা ব্যাংক পিএলসি. কর্তৃক মাসিক বেতন ও ভাতাসমূহ পরিশোধ করা হবে। মাসিক বেতন ও ভাতাসমূহ যথাসময়ে সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট/জোন অধিনায়ক/ওআইসি এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

চলমান পাতা-০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খম ৪৯৫৭৬৮৪



খ) জনতা ব্যাংক কর্তৃপক্ষ আনসারদের মাসিক বেতন ও ভাতার সাথে আনুষঙ্গিক ভাতা প্রদান করবেন (সশস্ত্র আনসার গার্ডের ক্ষেত্রে দৈনিক ভাতার ২০% হারে, নিরস্ত্র আনসার গার্ডের ক্ষেত্রে ১৫% হারে অথবা সময়ে সময়ে সরকারী আদেশ মোতাবেক আনসার কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত সর্বশেষ নির্দেশনা অনুযায়ী)।

গ) সমঝোতা স্মারকের অধীনে অঙ্গীভূত সকল আনসার সদস্যকে জনতা ব্যাংক পিএলসি. কর্তৃপক্ষ বছরে দুটি বোনাস/উৎসব ভাতা (প্রতিটি বোনাস ১ মাসের দৈনিক ভাতার সমপরিমাণ) প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। (সরকারী আদেশ জারি সাপেক্ষে স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের প্রজ্ঞাপন মোতাবেক)

ঘ) মোতায়েনকৃত আনসার সদস্যগন আট ঘন্টা করে দায়িত্ব পালন করবেন। ক্ষেত্র বিশেষে আট ঘন্টার অতিরিক্ত দায়িত্ব পালন করলে সেক্ষেত্রে অতিরিক্ত কর্মঘন্টার জন্য প্রতি ঘন্টার অনুরূপ হারে অধিকাল ভাতা প্রাপ্য হবেন।

৪. <u>আবাসন সংক্রান্ত :</u>

ক) জনতা ব্যাংক পিএলসি. শাখা/কার্যালয়/এটিএম বুথ/গাড়ি পার্কিং সমূহে নিয়োজিত আনসার সদস্যদের মানসম্মত আবাসন এবং জ্বালানীসহ রান্নার সুব্যবস্থা করবে। ব্যাংক কর্তৃপক্ষের নিজস্ব আবাসন ও জ্বালানীসহ রান্নার সু-ব্যবস্থা না থাকলে আনসার সদস্যদেরকে আবাসন ভাতা জনপ্রতি ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা এবং রান্নার জ্বালানী বাবদ ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা মোট ৪,০০০/- (চার হাজার) টাকা হারে মাসিক ভাতা প্রদান করবে।

খ) যদি জনতা ব্যাংক পিএলসি. কর্তৃক তাদের নিকটবর্তী/কাছাকাছি শাখা সমূহের অঙ্গীভূত আনসার সদস্যদের জন্য দায়িত্ব পালনের সুবিধার্থে একটি নির্দিষ্ট জায়গায় অবস্থান এর ব্যবস্থা করে সেক্ষেত্রে ব্যাংক কর্তৃপক্ষ যানবাহনের ব্যবস্থা/যাতায়াত ভাতা প্রদান করবে।

গ) ব্যাংক কর্তৃপক্ষ শাখা/কার্যালয়ের অভ্যন্তরে আনসার সদস্যদের থাকার (চারপায়া ও অন্যান্য সুবিধাসহ) ব্যবস্থা করতে পারবেন এবং আবাসন স্থলে জ্বালানিসহ রান্নার সুব্যবস্থা না থাকলে জ্বালানী বাবদ ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা জনতা ব্যাংক কর্তৃপক্ষ প্রদান করবেন।

৫. <u>বদলী ও ছুটি :</u>

ক) অঙ্গীভূত আনসার সদস্যদের বদলী বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃপক্ষ কর্তৃক আনসারদের বদলী বিধি অনুযায়ী পরিচালিত হবে। এক্ষেত্রে জনতা ব্যাংক পিএলসি. কর্তৃপক্ষের আবেদন (সংশ্লিষ্ট জেলা/জোন অভ্যন্তরে) স্থানীয় আনসার কর্তৃপক্ষ অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনায় নিবেন।

খ) আনসার নীতিমালা অনুযায়ী এবং শাখার পূর্ব অবগতি সাপেক্ষে ১ (এক) জন আনসার বছরে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) দিন ছুটি ভোগ করতে পারবেন, যা আনসার দফতর তদারকী করবেন। একজন অঙ্গীভূত আনসার সদস্য শাখা কর্তৃপক্ষের সুপারিশক্রমে একবারে সর্বোচ্চ ০৮(আট) দিনের ছুটি ভোগ করতে পারবেন। কিন্তু জরুরী পরিস্থিতিতে জনতা ব্যাংক পিএলসি. এর চাহিদা বিবেচনা করে আনসার কর্তৃপক্ষ এই ছুটি বাতিল/হ্রাস করতে পারবেন। আনসার কর্তৃপক্ষ আনসার সদস্যের বাৎসরিক ৫০ (পঞ্চাশ) দিনের ছুটি প্রদান নিশ্চিত করবেন। তবে ছুটি ভোগকালীন শাখার নিরাপত্তার দিকটি বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় সমন্বয় করবেন।

চলমান পাতা-০৪

গ) বিভিন্ন জাতীয় অনুষ্ঠানে (জাতীয় নির্বাচন, দুর্যোগকালীন সময় ও অন্যান্য) রাষ্ট্রীয় প্রয়োজনে আনসার সদস্যদের (মোট জনবলের ২৫%) সাময়িকভাবে মোতায়েন করা যাবে। এসময় আনসার ও জনতা ব্যাংক কর্তৃপক্ষ প্রয়োজনীয় সমন্বয় সাধন করবেন। রাষ্ট্রীয় অনুষ্ঠানে অংশগ্রহণের ক্ষেত্রেও আনসার সদস্যগণ জনতা ব্যাংক কর্তৃক বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

ঘ) কোন আনসার সদস্য জেলার অন্য কোন সংস্থা বা জনতা ব্যাংকের অন্য কোন শাখা হতে বদলী হয়ে আসলে বদলীকৃত আনসার সদস্য পূর্বের কর্মস্থল হতে ঐ বছরের প্রাপ্য ও ভোগকৃত ছুটির হিসাবের প্রত্যয়ন নিয়ে আসবেন।

৬. **দায়িত্ব পালনের ধরণ :**

ক) অঙ্গীভূত আনসার সদস্যগণ কেবলমাত্র নিরাপত্তা বিষয়ক দায়িত্ব পালন করবেন।

খ) অঙ্গীভূত আনসার সদস্যগণ তাদের উপরে অর্পিত দায়িত্ব নির্ধারিত এলাকার মধ্যে পালন করবেন এবং জনতা ব্যাংক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃপক্ষের সাথে সমন্বয় ব্যতীত দায়িত্বপূর্ণ এলাকার কোন পরিবর্তন করবেন না।

গ) অঙ্গীভূত আনসার সদস্যগণ জনতা ব্যাংক কর্তৃক প্রদত্ত দৈনিক হাজিরা রোষ্টার অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

ঘ) অঙ্গীভূত আনসার সদস্যগণ তার দায়িত্বপূর্ণ এলাকার মধ্যে সর্বোচ্চ সতর্কতা, নিষ্ঠা, সততা ও আন্তরিকতার সাথে সকল প্রকার ব্যক্তি/জানমাল/সম্পদের সুরক্ষা প্রদান করবেন।

ঙ) কারো দ্বারা ব্যাংকের ক্ষতি সাধিত হয়েছে বা হচ্ছে এমন অপরাধী/ দোষী ব্যক্তিকে আটক করে ব্যাংক কর্তৃপক্ষের মাধ্যমে পুলিশে সোপর্দ করার জন্য আনসার সদস্যকে জনতা ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশ দেয়া যাবে।

চ) ব্যাংকের আন্তঃ শাখায় বা সোনালী ব্যাংক/বাংলাদেশ ব্যাংকের শাখায় নিয়মিত নগদ অর্থ স্থানান্তর/বহন/প্রদান করা হয়। নগদ অর্থ স্থানান্তর/বহন/প্রদানের সময় প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র অঙ্গীভূত আনসার এবং ব্যাংকের নিরাপত্তা কর্মীর সমন্বয়ে দল গঠন পূর্বক উপযুক্ত ব্যাংক কর্মকর্তার তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে (বেসরকারী নিরাপত্তা সেবা বিধিমালা-২০০৭ অনুযায়ী)।

৭. **গুলি বর্ষন ও মামলা সংক্রান্ত :**

ক) ব্যাংকের স্বার্থ রক্ষার্থে অথবা আত্মরক্ষার্থে প্রয়োজনে মোতায়েনকৃত আনসার সদস্য ফাঁকা গুলি করতে পারবেন। এ ব্যাপারে জনতা ব্যাংক কর্তৃপক্ষ ঘটনার বাস্তবতা এবং প্রয়োজনীয়তা নিরীক্ষান্তে সব ধরনের সহায়তা প্রদান করবে। ব্যাংক কর্তৃপক্ষের মৌখিক/লিখিত আদেশ ব্যতিত আনসার সদস্যগণ গুলী ছুড়বেন না।

খ) জনতা ব্যাংকে অঙ্গীভূত অবস্থায় কোন আনসার সদস্য দায়িত্ব পালন জনিত কারণে কোন দেওয়ানী/ফৌজদারী মামলায় সম্পৃক্ত হলে জনতা ব্যাংক প্রকৃত আর্থিক ব্যয়ভার বহনসহ সর্বোতভাবে সহায়তা প্রদান করবে। তবে অঙ্গীভূত আনসার সদস্যের দায়িত্ব পালনের অবহেলা জনিত কারণে ফৌজদারী মামলায় সম্পৃক্ত হলে জনতা ব্যাংক কর্তৃপক্ষ আর্থিক ব্যয়ভার বহন করবে না।

চলমান পাতা-০৫

গ) কোন আনসার সদস্যের বিরুদ্ধে কোন প্রকার অনৈতিক/অবৈধ/শৃঙ্খলা বহির্ভূত কার্যকলাপের অভিযোগ পাওয়া গেলে অথবা ফৌজদারী অপরাধ সংঘটিত হলে আনসার কর্তৃপক্ষ অতি দ্রুত ঐ সদস্যকে ঐ স্থান হতে প্রত্যাহার করে নিজস্ব জিম্মায় নিবে। অতঃপর তদন্ত সাপেক্ষে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

৮. <u>প্রশিক্ষণ সংক্রান্ত :</u>

ক) জনতা ব্যাংক কর্তৃপক্ষ আনসার সদস্যদের ব্যাংকিং নিরাপত্তা ও পরিচিতি বিষয়ের উপর ন্যূনতম ১৫ দিনের "ইন সার্ভিস" প্রশিক্ষণের আয়োজন করবেন।

খ) মোতায়েনকৃত আনসার সদস্যদের বাৎসরিক ফায়ারিং/প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য আনসার কর্তৃপক্ষ ব্যাংকের নিরাপত্তা বিঘ্নিত না করে সমন্বয় পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এ বিষয়ে জনতা ব্যাংক কর্তৃপক্ষ প্রয়োজনীয় সহায়তা করবেন।

৯. <u>বর্জনীয় :</u>

ক) মোতয়েনকৃত আনসার সদস্য শাখার কোন প্রকার চাবি যেমন (ভল্ট রুম/ভল্ট/ ক্যাশ কাউন্টার ইত্যাদি) গ্রহণ করতে পারবেন না।

খ) মোতায়েনকৃত আনসার ব্যাংকের আমানতকারী/ঋণ গ্রহীতাদের নিকট হতে বা অন্য কোন উৎস হতে শাখার পক্ষে কোন প্রকার অর্থ গ্রহণ/প্রদান করতে পারবেন না।

গ) জনতা ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত নিরাপত্তা বহির্ভূত অন্য দায়িত্ব পালনে (যেমন-চা আনা, ঝাড়ু দেয়া, টাকা জমা/উত্তোলন, ব্যক্তিগত দায়িত্বপালন ইত্যাদি) আনসার সদস্যগণ বাধ্য থাকবেন না।

১০. <u>গার্ড প্রত্যাহার :</u>

ক) কোন শাখা বা কার্যালয় হতে আনসার গার্ড স্থায়ীভাবে প্রত্যাহারের ক্ষেত্রে ন্যূনতম ০৩ (তিন) মাস পূর্বে লিখিত ভাবে সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট/জোন অধিনায়ক/ওআইসি/অধিনায়ক, বিমানবন্দর আনসার ফোর্স এর কাছে প্রত্যাহারের আবেদন করতে হবে।

১১. <u>বিবিধ :</u>

ক) মহিলা আনসার সদস্যদের নিরাপত্তা ও যাতায়াতের বিষয় বিবেচনায় নিয়ে কেবলমাত্র দিনের বেলায় মোতয়েন করা যাবে।

খ) জনতা ব্যাংকে নিয়োজিত আনসার সদস্য এবং ব্যাংকের নিজস্ব গার্ডদের জন্য নিজ নিজ প্রতিষ্ঠানে বলবৎ সম্পূর্ণ ভিন্ন আচরণ বিধি প্রযোজ্য হবে, যাতে দুই পক্ষের মধ্যে কোন ভুল বুঝাবুঝির উপক্রম না হয়।

চলমান পাতা-০৬

গ) জনতা ব্যাংক কর্তৃপক্ষ এবং আনসার কর্তৃপক্ষের মধ্যে সমন্বয়করণ/যোগাযোগের জন্য আনসার দপ্তর কর্তৃক একজন লিয়াজোঁ অফিসার নিয়োগ করা হবে যার পদ মর্যাদা থানা আনসার ও ভিডিপি কর্মকর্তা কিংবা সমমান হবে এবং তার বেতন ভাতাদি আনসার কর্তৃপক্ষ পরিশোধ করবেন।

ঘ) আনসার কর্তৃপক্ষ সর্বশেষ অঙ্গীভূতকরণ নীতিমালা অনুযায়ী আনসার সদস্য নিয়োগ করে জনতা ব্যাংকে অঙ্গীভূত করবেন। তবে জনতা ব্যাংক এর চাহিদার প্রেক্ষিতে জনতা ব্যাংক পিএলসি. এর সাথে স্বাক্ষরিত সমঝোতা স্মারক মোতাবেক প্রয়োজনীয় সংখ্যক আনসার সদস্য অঙ্গীভূত করা হবে।

ঙ) জনতা ব্যাংক উপযুক্ত কারণ উল্লেখ করে কোন আনসার সদস্যকে পরিবর্তনের জন্য প্রস্তাবনা দিলে তা গুরুত্বের সাথে বিবেচনা করে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চ) আনসার কর্তৃপক্ষ অঙ্গীভূত আনসার সদস্যদের যাবতীয় তথ্যাবলী যাচাইপূর্বক সংরক্ষণ করবে। আনসার সদস্যগণ পূর্নাঙ্গ জীবন বৃত্তান্ত ও জাতীয় পরিচয়পত্রসহ ব্যাংকে যোগদান করবেন।

ছ) অঙ্গীভূত আনসার সদস্যগণ জনতা ব্যাংক পিএলসি. এর আইনসঙ্গত আদেশ মান্য করবে এবং এর ব্যত্যয় আমলযোগ্য অপরাধ হিসেবে বিবেচিত বা গন্য হবে।

জ) দায়িত্বপালনকালীন প্রত্যেক অঙ্গীভূত আনসার সদস্য যথাযথভাবে ইউনিফর্ম পরিধানসহ আনসার কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত স্মার্টকার্ড নিজের সাথে বহন নিশ্চিত করবেন।

❖ **মোতায়েনঃ**

এই সমঝোতা স্মারক সমগ্র বাংলাদেশে আনসার অঙ্গীভূতকরণের (শাখা/কার্যালয়/এটিএম বুথ/গাড়ি পার্কিং সমূহের নিরাপত্তা) জন্য প্রযোজ্য হবে।

❖ **সহযোগিতা ঃ**

জেলা/জোন পর্যায়ে যে কোন বিষয় মীমাংসা করার জন্য জনতা ব্যাংক এর এরিয়া প্রধান/শাখা ব্যবস্থাপক, আনসার এর থানা/উপজেলা আনসার ভিডিপি কর্মকতা/জেলা কমান্ড্যান্ট/জোন অধিনায়ক/ওআইসি এর সাথে সমন্বয় করবেন। কোন অনিস্পন্ন বিষয় থাকলে তা উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হবে।

❖ **বিবাদ মীমাংসাঃ**

জনতা ব্যাংক এবং আনসার এর মধ্যে কোন বিবাদ উদ্ভব হলে বিষয়টি দ্বি-পাক্ষিক আলোচনার মাধ্যমে নিস্পত্তি করা হবে। যদি নিস্পত্তি না হয় তাহলে উভয় পক্ষের উর্দ্ধতন কর্তৃপক্ষের সহায়তায় তা সমাধান করা হবে।

❖ **মেয়াদ ঃ**

(১) এ সমঝোতা স্মারক পক্ষদ্বয়ের ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাদের স্বাক্ষরে অদ্য ২২/০১/২০২৪ খ্রিঃ তারিখ সম্পাদন করা হল, যা ২৩/১১/২০২৩ খ্রিঃ তারিখ হতে আগামী ০৩ (তিন) বছরের জন্য কার্যকর বা বলবৎ থাকবে। পারস্পারিক সম্মতির মাধ্যমে মেয়াদ পুর্তির পূর্বে এ সমঝোতা বাতিল করা যাবে। এক্ষেত্রে ৩ মাস পূর্বে লিখিত নোটিশের মাধ্যমে জানাতে হবে।

(২) স্মারকে উল্লেখিত পক্ষদ্বয়ের অনুমোদিত বা ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তার পারস্পরিক সম্মতির মাধ্যমে সমঝোতা স্মারকের শর্তাবলী পরিবর্তন ও পরিবর্ধন করা যাবে।

চলমান পাতা-০৭

(৩) জনতা ব্যাংক এর প্রয়োজনে এবং উভয় পক্ষের সম্মতিতে চুক্তির মেয়াদান্তে পরবর্তী মেয়াদের জন্য এ সমঝোতা স্মারক (MOU) নবায়ন করা যাবে। পরবর্তী মেয়াদে চুক্তি স্বাক্ষরে বিলম্ব হলে, এই চুক্তি বলে কার্যক্রম চলমান থাকবে।

(৪) পক্ষগণের ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাগণের পারস্পরিক সমঝোতার মাধ্যমে স্মারকটি নবায়িত না হলে স্মারক চুক্তির মেয়াদান্তে অর্থাৎ ২০২৬ সালের নভেম্বর মাসের ২২ তারিখ শেষে উহা বাতিল বলে গন্য হবে।

(৫) দুই কপি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হল। প্রত্যেক পক্ষ ০১ (এক) কপি স্বাক্ষরিত সমঝোতা স্মারক বুঝে নিলেন।

**প্রথম পক্ষ**
(বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী)

মোঃ ফখরুল আলম, বিভিএম,পিএএমএস
উপমহাপরিচালক (অপারেশন্স)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

**দ্বিতীয় পক্ষ**
(জনতা ব্যাংক পিএলসি.)

এ.কে.এম ফজলুর রহমান
মহাব্যবস্থাপক-ইনচার্জ
হিউম্যান রিসোর্সেস ডিভিশন
জনতা ব্যাংক পিএলসি., প্রধান কার্যালয়,ঢাকা।

**স্বাক্ষী**

২২/০১/২৪

১) মোঃ আহসান উল্লাহ
পরিচালক (অঙ্গীভূতকরণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

২২/০১/২৪

২) ফারজানা আক্তার ডালিয়া
উপপরিচালক (কেপিআই)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

**স্বাক্ষী**

১) মোঃ মুর্শফিকুর রহমান
উপমহাব্যবস্থাপক
হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট
জনতা ব্যাংক পিএলসি., প্রধান কার্যালয়,ঢাকা।

২) মোঃ মনিরুল আলম
সহকারী মহাব্যবস্থাপক
হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট
জনতা ব্যাংক পিএলসি., প্রধান কার্যালয়,ঢাকা।